



**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**  
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**  
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ২৯ আষাঢ় ১৪৩০  
 ১৩ জুলাই ২০২৩

**প্রশাসনিক পরিপত্র নং-৩৫/২০২৩**

বিগত ০৯ জুলাই ২০২৩ তারিখ বৈশিষ্ট্য সংবাদমাধ্যমে বাংলাদেশের সরকারি সংস্থাসমূহের গ্রাহকগণের ব্যক্তিগত তথ্য ফাঁসের বিষয়ে সংবাদ প্রকাশের প্রেক্ষিতে ১১ জুলাই ২০২৩ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় আইসিবি পরিচালনা বোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের বোর্ডরুমে আইসিবি এর তথ্যের নিরাপত্তা সংক্রান্ত একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত সংবাদে কর্পোরেশন সংশ্লিষ্ট বিষয়ের প্রকৃত ঘটনা উদঘাটন এবং কর্পোরেশনের প্রধান কার্যালয়, শাখা কার্যালয় ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহের তথ্য ব্যবস্থা আরো পুঞ্জানুপুঞ্জভাবে পর্যালোচনার নিমিত্ত নিম্নোক্তভাবে সাইবার নিরাপত্তা পর্যবেক্ষণ কমিটি গঠন করা হলোঃ

(০১)	জনাব মাহবুবুর রহমান, সিস্টেম ম্যানেজার এমআইএসডি ডিভিশন ও সফটওয়্যার ডিভিশন (যৌথ দায়িত্ব)	আহবায়ক
(০২)	জনাব ইফতেখার আজম, সহকারী মহাব্যবস্থাপক অডিট ডিপার্টমেন্ট	সদস্য
(০৩)	জনাব মুহাম্মদ আবুল খায়ের আজাদ, সিনিয়র সিস্টেম এনালিস্ট এমআইএস, আইসিটি সিকিউরিটি অ্যান্ড ডাটা অ্যাডমিন ডিপার্টমেন্ট	সদস্য
(০৪)	জনাব নীতিশ রঞ্জন ভৌমিক, সহকারী প্রোগ্রামার হার্ডওয়্যার অ্যান্ড কমিউনিকেশন ডিপার্টমেন্ট	সদস্য সচিব

**কমিটির কার্য পরিধি:**

- ক) বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত সরকারি সংস্থাসমূহের গ্রাহকগণের ব্যক্তিগত তথ্য ফাঁস হওয়ার সংবাদে কর্পোরেশন সংশ্লিষ্ট বিষয়ের প্রকৃত ঘটনা উদঘাটন;
- খ) আইসিবি প্রধান কার্যালয়ের বিভিন্ন ডিপার্টমেন্ট, শাখা কার্যালয় ও সাবসিডিয়ারি কোম্পানিসমূহের গ্রাহকগণের ব্যক্তিগত তথ্য ও হিসাব স্থিতির কোনরূপ অনাকাঙ্ক্ষিত পরিবর্তন হয়েছে কিনা তা পর্যবেক্ষণ ও রিপোর্ট সংগ্রহ;
- গ) আইসিবি প্রধান কার্যালয়, শাখা কার্যালয় এবং সাবসিডিয়ারি কোম্পানিসমূহের তথ্য নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থা বৃদ্ধির জন্য করণীয় নির্ধারণ।

০২। কমিটি আগামী ১০ কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন উপস্থাপন করবে। কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট যেকোনো কর্মচারীকে কো-অপ্ট করতে পারবে।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হল।

  
 (বিভাস সাহা)  
 উপ-মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।